

কেটেছে একেলা বিরহের বেলা আকাশকুসুমচয়নে ।
সব পথ এসে মিলে গেল শেষে তোমার দুখানি নয়নে ॥
দেখিতে দেখিতে নূতন আলোকে কে দিল রচিয়া ধ্যানের পুলকে
নূতন ভুবন নূতন দ্যুলোকে মোদের মিলিত নয়নে ॥
বাহির-আকাশে মেঘ ঘিরে আসে, এল সব তারা ঢাকিতে ।
হারানো সে আলো আসন বিছালো শুধু দুজনের আঁখিতে ।
ভাষাহারা মম বিজন রোদনা প্রকাশের লাগি করেছে সাধনা,
চিরজীবনেরি বাণীর বেদনা মিটিল দোঁহার নয়নে ॥

Parjaay: Prem / Chitrangada, Taal: Kaharwa, Raag: Mishra-Desh
Visit www.geetabitan.com for notation and other detail